DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ▯ তৈরি: 16 Aug 2026, 06:17 AM

আন্তর্জাতিক

# হরমুজ প্রণালি ভাগ করতে চায় ওমান, প্রত্যাখ্যান ইরানের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: বুধবার, ২৯ জুলাই ২০২৬, ০১:৫৬ PM




ছবি সংগৃহীত

জাহাজ চলাচলের গুরুত্বপূর্ণ সামুদ্রিক রুট হরমুজ প্রণালিকে সমান দুই ভাগে ভাগ করতে ইরানকে প্রস্তাব করেছিল ওমান। তবে ইরান এই প্রস্তাব প্রত্যাখ্যান করেছে।

বুধবার (২৯ জুলাই) সংশ্লিষ্ট কর্মকর্তাদের বরাতে এ তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম ওয়ালস্ট্রিট জার্নাল।

সূত্রটি বলেছেন, ইরান এই প্রস্তাব প্রত্যাখ্যান করায় মধ্যস্থতাকারী দেশগুলো ক্ষুব্ধ হয়েছে।

ওমান মূলত চেয়েছিল হরমুজ দুই ভাগে বিভক্ত থাকবে। যার একটি অংশ তাদের নিয়ন্ত্রণে, আরেকটি অংশ ইরানের নিয়ন্ত্রণে থাকবে। তবে তেহরান এ প্রস্তাবে রাজি নয়।

ইরানের উপপররাষ্ট্রমন্ত্রী কাজেম ঘারিবাবাদি সংবাদমাধ্যমটিকে বলেছেন, ওমান যদি হরমুজের পুরো নিয়ন্ত্রণ তাদের হাতে না দেয় তাহলে যুক্তরাষ্ট্রের সঙ্গে তারা এখন আর কোনো আলোচনায় অংশ নেবেন না। তিনি জানিয়েছেন, ওমান প্রণালিকে দুই ভাগ করার যে প্রস্তাব দিচ্ছে, সেখানে ইরানের নিরাপত্তার বিষয়টিকে দেখা হচ্ছে না। তাই তারা এতে রাজি হবেন না।

তবে ইরানি এ উপমন্ত্রী বলেছেন, ওমান যদি চায় হরমুজ প্রণালি থেকে যেসব জাহাজ বের হবে সেগুলো তাদের অংশ দিয়ে বের হতে পারে। কিন্তু হরমুজে প্রবেশের যে রুট নির্ধারিত আছে তার পুরো নিয়ন্ত্রণ ইরানের কাছেই থাকতে হবে।

তিনি বলেন, “হরমুজে প্রবেশের পথটি সম্পূর্ণ ইরানের নিয়ন্ত্রণে থাকতে হবে। অপরদিকে বের হওয়ার পথটির একটি অংশ ওমানের নিয়ন্ত্রণে থাকতে পারে। যদি তারা এ প্রস্তাবে সম্মত হয়, তাহলে আমরা পরবর্তী ধাপে আগাব।”

এদিকে মধ্যস্থতাকারী দেশগুলো জানিয়েছে, গত মাসে ইরান ও যুক্তরাষ্ট্র যে সমঝোতা স্মারকে সই করেছিল সেটি তারা পুনরায় সক্রিয় করার চেষ্টা করছে। কিন্তু ইরান ওমানের প্রস্তাব প্রত্যাখ্যান করায় বিষয়টি জটিল হয়ে যাচ্ছে।

সূত্র: ওয়ালস্ট্রিট জার্নাল

---

## এ বিভাগের আরও খবর



**বাড়তে পারে মক্কা প্রতিরক্ষা জোটের পরিধি**
তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে মিসরও যোগ দিতে পারে বলে জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্...



**গাজায় দুই ভবনের ধ্বংসস্তূপে মিললো ২১ ফিলিস্তিনির কঙ্কাল**
ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দুটি ক্ষতিগ্রস্ত ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে ২১ জন ফিলিস্তিনির দেহাবশেষ (কঙ্কাল) উদ্ধার করেছে উদ্ধারকারী দ...




**ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭**

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...



**লেবাননে ইসরাইলি বিমান হামলায় ৩ শিশুসহ নিহত ১১**

দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন।  নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। শনিবারের (১৫ আগস্ট) এ হামলাকে গত জুনে ইসরাই...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/hrmuj-prnali-bhag-krte-chay-oman-prtjakhjan-iraner